হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 14 AUGUST 2025 ,THURSDAY | ১৪ আগস্ট ২০২৫ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-363

দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

## সাতঘন্টার চেষ্টায় বিপর্যয় মোকাবিলা দল উদ্ধার করলো বালাসন নদীর মাঝে আটকে পরা যুবককে



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৩ আগস্ট :মঙ্গলবার রাত থেকে প্রবল বৃষ্টি শুরুহয়েছে শিলিগুড়ি সহ ডুয়ার্সের বিভিন্ন জেলায়। বৃষ্টিপাতের ফলে বিভিন্ন নদীগুলিতে দেখা দিয়েছে জলস্ফীতি। বুধবার শিলিগুড়ি লাগোয়া বালাসন নদীতে জলস্ফীতির কারনে নদীর মাঝখানে আটকে পড়ে এক যুবক। ঘটনা বাগডোগরা থানার অধীন এম এম তরাই এলাকায়। জানা গেছে যুবক তার বন্ধুদের সাথে নদীতে মাছ ধরতে গিয়েছিলেন। বন্ধুরা নদীর জলস্ফীতি দেখে কোনোমতে মাঝের চড়া থেকে বেরিয়ে আসতে পারলেও এই যুবক আটকা পড়ে যান। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বাগডোগরা থানার পুলিশ, দমকল কর্মীদের একটি দল, বাগডোগরা বন দপ্তরের একটি দল ও বিপর্যয় মোকাবিলা বাহিনীর দল। বিপর্যয় মোকাবিলা দল সাত ঘন্টার চেষ্টায় যুবককে উদ্ধার করে নিরাপদে পাড়ে নিয়ে আসায় স্বস্তিতে যুবকের পরিবার।

## রাস্তা নির্মাণ নিয়ে দুর্নীতির অভিযোগ



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ আগস্ট : ভুটান সীমান্ত জয়গাঁ খোকলা এস এস বি ক্যাম্প পর্যন্ত যে পেভার্স ব্লকের সড়ক হচ্ছে সেই সড়ক নিয়ম অনুযায়ী নির্মাণের দাবি জানালো এলাকার বাসিন্দারা । নচেৎ বৃহত্তর আন্দোলনে নামবে বলে তারা হুঁশিয়ারি দেয়। মূলতঃ সেণ্ট্রাল ডুয়ার্স এলাকার বাসিন্দাদের জন্য এই সড়কটি লাইফ লাইন বলা চলে কেননা ঐ এলাকার বাসিন্দারা এই সড়ক দিয়ে আসা যাওয়া করে।সম্প্রীতি এই সড়কটি নির্মাণ কাজ শুরু হয় কিন্ত নির্মাণ কাজে দুর্নীতি হচ্ছে বলে তারা নির্মাণ কাজ আটকে দেয় এমনকি তারা জেলাশাসকের কাছে এই নিয়ে ডেপুটেশন প্রদান করে। বাসিন্দা দের অভিযোগ ডেপুটেশন দেওয়ার পর ও আজ পর্যন্ত কোনো আধিকারিক এলাকায় পরিদর্শনে আসেনি। বাসিন্দারা জানান সঠিক ভাবে এই সড়ক নির্মাণ না হলে আমরা বৃহত্তর আন্দোলনে নামতে বাধ্য হবো।

## স্বাধীনতা দিবসের আগে তিন রঙে সেজে উঠলো গজলডোবার ঝুলন্ত সেতু



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১৩ আগস্ট :স্বাধীনতা দিবসের আগে জাতীয় পতাকার তিন রঙে সাজিয়ে তোলা হলো পর্যটনকেন্দ্র গজলডোবার ঝুলন্ত সেতুটি কে। তিরঙ্গা আলোক সজ্জায় সজ্জিত এই সেতুটি দেখতে সন্ধ্যার পর গজলডোবায় ভীড় জমাচ্ছেন স্থানীয় মানুষজন থেকে পর্যটকরা। কয়েকজন পর্যটক জানান এই সেতুটি পর্যটকদের কাছে এমনিতেই আকর্ষনীয় আর স্বাধীনতা দিবসের আগে তিরঙ্গা আলোকে সজ্জিত এই সেতুটি আরও আকর্ষণীয় হয়ে উঠেছে।

## জলে ডুবল আলিপুরদুয়ার পৌরসভার ৯ টি ওয়ার্ড



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৩ আগস্ট : অতিবর্ষনে বিপর্যস্ত আলিপুরদুয়ার। কালজানি নদীতে হলুদ সংকেত। এদিকে আলিপুরদুয়ার পুর এলাকার ২০ টি ওয়ার্ডের মধ্যে ৯ টি ওয়ার্ড জলমগ্ন।১০ হাজার মানুষ জলবন্দী হয়ে পড়েছেন। পুরসভা থেকে ত্রান ও উদ্ধার কাজ শুরু না হওয়ায় ক্ষোভ বেড়েছে।এদিকে এই পরিস্থিতিতে ময়দানে নেমেছেন আলিপুরদুয়ার এর বিধায়ক সুমন কাঞ্জিলাল ও প্রাক্তন বিধায়ক সৌরভ চক্রবর্তী।এতদিন কোন সার্ভে হয়নি।নিকাশি ব্যাবস্থা খুব খারাপ।আজ সেচ দফতরের এক্সকিউটিভ ইঞ্জিনিয়ার কে সঙ্গে নিয়ে জলমগ্ন ওয়ার্ডে নেমেছেন বিধায়ক। অন্যদিকে প্রাক্তন বিধায়ক।আলিপুরদুয়ার কালজানি নদী ও শহরের অবস্থা যে খারাপ তা অকপটে স্বীকার করেছেন প্রাক্তন বিধায়ক সৌরভ চক্রবর্তী। বেশ কয়েকটি ওয়ার্ড জলমগ্ন হওয়ায় বিপাকে পুর নাগরিকরা।ত্রান ও উদ্ধারে পুরসভা হাত গুটিয়ে বসে থাকায় সমস্যা বাড়ছে বলে জানিয়েছেন পুর নাগরিকরা। 'শাসক দলের পক্ষ থেকে আলিপুরদুয়ারে কোন নিকাশি ব্যবস্থা করা হয়নি যার ফলেই একটু বৃষ্টি হলে জলমগ্ন হয়ে যায় জেলা শহর। আলিপুরদুয়ার জেলা শহর জলমগ্ন হওয়ার পরেই তৃণমূল পরিচালিত পৌরসভার দিকে আঙ্গুল তুলেছেন আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিপ্পা।'

# নবম শ্রেণীর ছাত্রী অপহরণ,গ্রেপ্তার যুবক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৩ আগস্ট : নাবালিকা অপহরণের দায়ে গ্রেপ্তার যুবককে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হলে বিচারক তাকে জেল হেফাজতের নির্দেশ দেন এমনটাই জানা গেছে আদালত সূত্রে বুধবার বিকেল পাঁচটা নাগাদ। সোমবার রাতে শামুকতলা থানা এলাকার নবম শ্রেণীর ছাত্রী যার বয়স ১৪ বছর ৮ মাস তাকে অপহরণ করার অভিযোগ দায়ের হয়েছিল শামুকতলা থানায়। রাতেই পুলিশ অভিযোগের পরিপ্রেক্ষিতে মামলা শুরু করে। বুধবার বেলা এগারোটা নাগাদ অভিযুক্তকে গ্রেফতার করে কোচবিহার জেলা থেকে। বুধবার বেলা দুটা নাগাদ তাকে আদালতে পাঠানো হয় । বিকেল পাঁচটা নাগাদ পুলিশ সূত্রে জানা গেছে তাকে সাত দিনের ছেলে হেফাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। তদন্তের স্বার্থে পুলিশ ওই যুবকের নাম গোপন রেখেছে।

# প্রবল বর্ষণে জলে ডুবে মৃত্যু শিশুর



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ আগস্ট : দুই বছরের এক শিশুর মৃত্যু হয়েছে জলে পড়ে ঘটনাটি ঘটে শামুকতলা থানার মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের বড়চৌকির বস এলাকায়। এমনটাই জানা গেছে ওই এলাকার বাসিন্দাদের কাছ থেকে বুধবার বিকেল চারটে নাগাদ। এদিন মুষলধারে বৃষ্টি হচ্ছিল সকাল থেকেই। ঘরেই কাজ করছিলেন মা এবং বাবা দুজনেই। উঠানের পাশেই ছোট্ট একটি গর্ত ছিল। সেই গর্তেই জল আটকে গিয়েছিল । আর তার পাশেই ছাতা নিয়ে খেলছিল দু বছরের শিশু কৌশিক সরেন। হঠাৎই তার মা ঘর থেকে বের হয়ে দেখেন দু বছরের কৌশিক জলে পড়ে রয়েছে। এরপরেই চট জলদি তাকে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসলে চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন। এদিকে দু বছরের শিশুর মৃত্যুর ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে এলাকায়।

# চিকলিগুড়িতে বাঁশের সাঁকো ভেসে গেল ,বিপাকে ছাত্র-ছাত্রীরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ আগস্ট : চিকলিগুড়ি রায়ডাক এক নম্বর নদীর খেয়া ঘাটের বাঁশের সাঁকো জলের তোরে ভেসে গেছে এমনটাই দেখা গেছে ওই এলাকায় গিয়ে বুধবার বিকেল সাড়ে তিনটা নাগাদ। সরকারি ভাবে তৈরি করা বাঁশের সাঁকো নদীর জলে ভেসে যাওয়ায় এলাকার বাসিন্দা থেকে শুরু করে ছাত্র-ছাত্রীদের নদী পারাপার কঠিন বিষয় হয়ে দাঁড়িয়েছে। রায়ডাক এক নম্বর খেয়া ঘাটে পাকা ব্রীজ তৈরির দাবি নিয়ে অনেক আন্দোলন হয়েছে । পথ অবরোধ হয়েছে। প্রশাসনিক কর্তারা ওই এলাকায় গিয়ে ব্রীজ তৈরির প্রতিশ্রুতি দেওয়ার পর ব্রীজ তৈরির জন্য সরকার বেশ কিছু টাকা অনুমোদন করেছিলেন। কিন্তু পরিকল্পনা মাফিক সরকার অনুমোদিত টাকা দেওয়া সত্ত্বেও ব্রীজের কাজ শুরু হয়নি। জেলাশাসক থেকে শুরু করে মুখ্যমন্ত্রী ও ব্লক প্রশাসন সহ বিভিন্ন দপ্তরে লিখিত আকারে অভিযোগ জানিয়েছিলেন ছাত্র-ছাত্রী থেকে শুরু করে এলাকার বাসিন্দারা। বুধবার সাঁকো জলের তোরে ভেসে যাওয়ায় ছাত্র-ছাত্রী থেকে শুরু করে এলাকার বাসিন্দা এমনকি অঙ্গনওয়াড়ি কর্মীসহ আশা কর্মীরা বিপাকে পড়লেন নদী পারাপার নিয়ে।

# সোনাপুর থেকে চোরাই বাইক উদ্ধার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৩ আগস্ট : চোরাই বাইক উদ্ধার করল সোনাপুর ফাঁড়ির পুলিশ এমনটাই জানা গেছে সোনাপুর ফাঁড়ির ওসি দেবাশীষ দেবের কাছ থেকে বুধবার রাত আটটা নাগাদ। সোনাপুর এলাকা থেকেই বাইকটি উদ্ধার করা হয়েছে যদিও বাইক চোরকে গ্রেফতার করা হয়েছে গত আগস্ট মাসের ৬ তারিখ। আগস্ট মাসের ৬ তারিখ বাইক চোর সঞ্জয় সেন কে গ্রেপ্তার করার পরেই তাকে আদালত থেকে পুলিশ হেফাজতে আনা হয় জিজ্ঞাসাবাদ এর জন্য। দীর্ঘ জিজ্ঞাসাদের পর মঙ্গলবার গভীর রাতে উদ্ধার করা হয় বাইকটি। সোনাপুর ফাঁড়ির ওসি দেবাশীষ দেব জানিয়েছেন সঞ্জয় সেন এর বাড়ি কোচবিহার বাবুপাড়া এলাকায়। অনেকদিন আগে এই বাইকটি চুরি হয়েছিল জানিয়েছেন তিনি।

# মঙ্গলবার রাতের প্রবল বৃষ্টিতে জলমগ্ন দিনহাটা শহরের বিভিন্ন ওয়ার্ড



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার ,১৩ আগস্ট : মঙ্গলবার রাতের প্রবল বৃষ্টিতে জল মগ্ন হয়ে পড়ে দিনহাটা শহরের বিভিন্ন ওয়ার্ড সহ রাস্তা। জলমগ্ন রাস্তায় চলাচলের সমস্যায় পড়েন বাসিন্দারা। তাদের অভিযোগ দিনহাটা শহরের এই দনস্যা দীর্ঘদিনের অব্যবস্থার ফল। তাদের দাবী পৌরসভা দ্রুত এই সমস্যার স্থায়ী সমাধান করুক। অপরদিকে পৌরসভা সূত্রে জানা গেছে বুধবার সকাল থেকেই পৌরকর্মীরা জল নিষ্কাশনের কাজ শুরু করেছেন।


EiYUG
NEWSPAPER PUBLISHING HOUSE
GRAPHIC DESIGN WORK
* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO
PUBLISHING WORK
NEWSPAPER * MAGAZINE * BOOK
For Work
CONTACT NO: 9836753622
Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com

# তুরতুরি নদীতে বাঁশের সাঁকো ভেসে গেল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৩ আগস্ট : জলের তোরে ভেসে গেল লোহারডাঙ্গি এলাকায় তুরতুরি নদীর উপর বাঁশের সাঁকো এমনটাই দেখা গেল ওই এলাকায় গিয়ে বুধবার বিকেল তিনটে নাগাদ। বাশের সাঁকো ভেসে যাওয়ায় কয়েক হাজার সাধারণ বাসিন্দার চলাফেরা কষ্টকর বিষয় হয়ে দাঁড়িয়েছে। যদিও প্রশাসনিক কর্তাদের ওই এলাকায় তুরতুরি নদীর উপর পাকা ব্রীজ তৈরির দাবি তুলেছিলেন অনেকদিন আগেই। মঙ্গলবার রাত থেকেই প্রচুর পরিমাণে বৃষ্টি শুরু হয়েছে পাহাড় থেকে শুরু করে সমতলে আর এর ফলেই নদীর জল অনেকটাই বেড়ে গেছে। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে ২০০ মিটার বাঁশের সাঁকো দিয়েই তারা যাতায়াত করতেন সারা বছর।

# ফালাকাটা থানার পুলিশের বড় সাফল্য ,গ্রেফতার এক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ আগস্ট : প্রচুর পরিমাণে নেশার ট্যাবলেট সহ এক ব্যাক্তিকে গ্রেফতার করল ফালাকাটা থানার পুলিশ। গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে পুলিশ ফালাকাটার অন্তর্গত জটেশ্বর এলাকায় অভিযান চালায়। অভিযান চালিয়ে জাহিরুল হক নামে এক ব্যাক্তিকে গ্রেফতার করে তার কাছ থেকে ১৩৪৪০ টি নেশার ট্যাবলেট উদ্ধার হয়, সাথে তার থেকে একটি স্কুটি উদ্ধার করে পুলিশ। ফালাকাটা আইসি অভিষেক ভট্টাচার্য জানান অভিযুক্তকে আজ আলিপুরদুয়ার কোর্টে তোলা হয়েছে। পুরো ঘটনা পুলিশ তদন্ত করছে। এর সঙ্গে আরো কেউ জড়িত আছে কিনা সেই বিষয়ে খোঁজখবর করা হচ্ছে এবং তদন্ত করা হচ্ছে। আদালত থেকে অভিযুক্তকে পাঁচ দিনের পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে তাকে জিজ্ঞাসাবাদ এর জন্য। গত কিছুদিন ধরে ফালাকাটা থানার পুলিশ একের পর এক অভিযান চালিয়ে মাদক ব্যবসায়ীদের গ্রেফতার করতে পেরেছেন। তাছাড়া বেআইনি ভাবে ব্যবসায়ীদের বিরুদ্ধে পুলিশের অভিযান লাগাতার চলছে।

# মঙ্গলবার রাতের মুষলধারা বৃষ্টিতে পাশের বাড়ির সীমানা প্রাচীর ভেঙ্গে চাপা পড়ে মৃত্যু দুই শিশুর





নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৩ আগস্ট : মঙ্গলবার রাতে মুষলধারা বৃষ্টিপাতের ফলে শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের ভোরের আলো থানার অন্তর্গত সাহুডাঙ্গির পাঘলুপাড়া এলাকায় ঘটে গেলো এক মর্মান্তিক দুর্ঘটনা। এলাকার বাসিন্দা সঞ্জীব মোহন্তের টিনের ঘড়ে ভেঙ্গে পড়ে পাশের বাড়ির সীমানা প্রাচীর। ভেঙ্গে পড়া সীমানা প্রাচীরে চাপা পড়ে মৃত্যু ঘটে সঞ্জীব মোহন্তের দুই শিশু সন্তানের। মৃতদের নাম মধুমিতা মোহন্ত(৩) ও দেবায়ন মোহন্ত(১বছর ছয় মাস)। জানা গেছে সঞ্জীব মোহন্ত ও তার স্ত্রী দুই সন্তানকে নিয়ে তাদের ঘরে শুয়েছিলেন, দুই শিশু ঘুমন্ত ছিলো। পাশের ঘর থেকে সঞ্জীব বাবুর মা ছেলেকে ডেকে বলেন ঘরে বৃষ্টির জল ঢুকেছে। মায়ের ডাক শুনে সঞ্জীব মোহন্ত মাএর ঘরে জল বের করতে যান। তার স্ত্রী ও মেঝেতে শোয়া ঘুমন্ত দুই সন্তানকে রেখে স্বামীর পেছন পেছন শ্বাশুড়ির ঘরের জল বের করতে যান। তখনই পাশের বাড়ির সীমানা প্রাচীর ভেঙ্গে সঞ্জীব মোহন্তের ঘরের উপর পড়ে। ঘরের বেড়া সহ ভাঙ্গা প্রাচীরে চাপা পড়ে ঘুমন্ত দুই শিশু। সাথে সাথে তাদের উদ্ধার করে শিলিগুড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক শিশু দুটিকে মৃত বলে ঘোষনা করেন। ঘটনায় এলাকায় নেমে এসেছে শোকের ছায়া। জানা গেছে সঞ্জীব মোহন্তের তিন সন্তান, বড়ো মেয়েটি কিছুদিন আগে কোচবিহারে এক আত্মীয় বাড়িতে গিয়েছে। সন্তান শোকে কাতর পিতামাতার আর্তনাদ বাতাসকে করে তুলেছে ভারী।

# বর্ষণের জের ,গাছ পড়ে বন্ধ রাজ্য সড়ক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ আগস্ট : অতিরিক্ত বৃষ্টির ফলে আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কের খাটাজানি চৌপথী সংলগ্ন এলাকায় গাছ পড়ে বন্ধ হয়ে গেল বড় গাড়ি যাতায়াত এমনটাই দেখা গেল ওই এলাকায় গিয়ে বুধবার বেলা সাড়ে দশটা নাগাদ। সকাল ৭ টা নাগাদ গাছটি রাজ্য সড়কের উপর পড়ে একটি দোকানের উপর পড়ে যায়। বেলা দশটা নাগাদ বিদ্যুৎ দপ্তরের কর্মীরা ওই এলাকায় পৌঁছায় বিদ্যুৎ ব্যবস্থা স্বাভাবিক করার জন্য। তবে প্রশাসনিক কোন কর্তাকে দেখা পাওয়া যায়নি ওই এলাকায়। এলাকাবাসীর কাছ থেকে জানা গেছে গাছের গোড়া আগেই পৌঁছে গিয়েছিল প্রশাসনিক কর্তাদের বিষয়টি জানানো হয়েছিল তাছাড়া টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েত দপ্তরের সামনেই গাছটি। এর আগেও রাজ্য সড়ক থেকে বেশকিছু গাছ কাটা হয়েছিল বেআইনি ভাবে কিন্তু এই গরা পচা গাছটিকে কাটা হয়নি। সকাল সাতটা থেকে সাড়ে দশটা পর্যন্ত সাড়ে তিন ঘন্টা ধরে কোন বড় গাড়ি যাতায়াত করতে পারিনি এই রাস্তা দিয়ে তাছাড়া ছোট গাড়ি ঝুঁকি নিয়ে যাতায়াত করেছে এমন দৃশ্য দেখা গেছে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |